

স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.১২.০৭.১৬-

তারিখ : /১১/২০১৬ খ্রিঃ

প্রাপক :

চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ মোঃ সাইদ রেজা, নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহ সংস্থান বিভাগ-২।

বিষয় : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুকূলে ধানমন্ডি আবাসিক এলাকা ও মোহাম্মদপুর হাউজিং এস্টেটের ১০টি পরিত্যক্ত বাড়ী/প্লটে বহুতল ভবন/ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (১ম পর্যায়) এর অনাপত্তি/ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১। তাঁহার দপ্তরের স্মারক নং-জাগৃক/ই,এইচ,এম-২/৩/৪০৭/২০১২, তারিখঃ ২৪/১১/২০১৬ খ্রিঃ।
২। অত্র দপ্তরের স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.১২.০৭.১৬-২৪৬১, তারিখঃ ২৪/১১/২০১৬ খ্রিঃ।
৩। তাঁহার দপ্তরের স্মারক নং-জাগৃক/ই,এইচ,এম-২/১৯৭৩, তারিখঃ ২০/১১/২০১৬ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুকূলে ধানমন্ডি আবাসিক এলাকা ও মোহাম্মদপুর হাউজিং এস্টেটের ১০টি পরিত্যক্ত বাড়ী/প্লটে বহুতল ভবন/ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (১ম পর্যায়) এর ১২৭.৭২ কাঠা বা ২.১১১১ একর জমি অধিগ্রহণের জন্য অনাপত্তি/ছাড়পত্র প্রদানের অনুরোধ করা হয়। ১নং স্মারকে প্রত্যাশী সংস্থা কর্তৃক সরবরাহকৃত ১০ (দশ) টি পরিত্যক্ত বাড়ি/প্লটের মধ্যে ০৮ (আট) টি প্লট এর সংশ্লিষ্ট বি.এস দাগ ও খতিয়ান নম্বরের সমতুল্য জমির আর.এস খতিয়ান ও দাগসূচী রাজউকের গেজেটভুক্ত Detailed Area Plan (DAP) এ উল্লেখিত অনুমোদিত ভূমি ব্যবহারের সাথে সামঞ্জস্যপূর্ণ পাওয়া যায়। অবশিষ্ট ০২ (দুই) টি প্লটের (মৌজা- ধানমন্ডি আবাসিক এলাকা, জে, এল নং-১০ এর বি.এস খতিয়ান নং- ৫১৮, দাগ নং- ৩০০৫ এবং বি.এস খতিয়ান নং-৮৮৮, দাগ নং-১৬৮৯) দাগসূচীতে প্রস্তাবিত ভূমি ব্যবহার DAP এ উল্লেখিত ভূমি ব্যবহার [Commercial Zone (Business)] এর সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। উল্লেখ্য, প্রত্যাশী সংস্থা উক্ত ১০টি পরিত্যক্ত বাড়ী/প্লটের উপর কোনরূপ মামলা চলমান নাই মর্মে প্রত্যয়ন প্রদান করেছে। ফলশ্রুতিতে, মৌজা- ধানমন্ডি আবাসিক এলাকা, জে, এল নং-১০ এর প্রস্তাবিত ০২ (দুই) প্লটের (বি.এস খতিয়ান নং- ৫১৮, দাগ নং- ৩০০৫ এবং বি.এস খতিয়ান নং-৮৮৮, দাগ নং-১৬৮৯) দাগসূচীর ভূমি ব্যবহার DAP এ উল্লেখিত Landuse Permitted with Condition এর বিধি মোতাবেক পরিবর্তন এর শর্ত সাপেক্ষে জনস্বার্থে ও সরকারী প্রয়োজনে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুকূলে ধানমন্ডি আবাসিক এলাকা ও মোহাম্মদপুর হাউজিং এস্টেটের ১০টি পরিত্যক্ত বাড়ী/প্লটে বহুতল ভবন/ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (১ম পর্যায়) এর ১২৭.৭২ কাঠা বা ২.১১১১ একর জমি অধিগ্রহণে অত্র দপ্তরের কোন আপত্তি নাই।

স্বাক্ষরিত/-

(শাহীন আহমেদ)

সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং)

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা


ফোন : ৯৫৫৪৯২৫

তারিখঃ ২০ /১১/২০১৬ খ্রিঃ

স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.১২.০৭.১৬-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, গৃহায় ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। সদস্য (প্রকৌশল ও সমন্বয়/প্রশাসন ও অর্থ/পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প/ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা) নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সার্কেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। জনাব মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)।
- ৭। সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং), নগর উন্নয়ন অধিদপ্তর, এর মাষ্টার ফাইল।
- ৮। অফিস কপি।


(শাহীন আহমেদ) 30/11/16
সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং)
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা